# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৬৭০

১৫/ রক্তপণ (كتاب الديات)

পরিচ্ছেদঃ ১৫/২৬. একজনের অপরাধে অপরজনকে অপরাধী সাব্যস্ত করা যাবে না

بَاب لَا يَجْنِي أَحَدٌ عَلَى أَحَدٍ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي زِيَادٍ، حَدَّثَنَا جَامِعُ بْنُ شَدَّادٍ، عَنْ طَارِقٍ الْمُحَارِبِيِّ، قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَرْفَعُ يَدَيْهِ حَتَّى رَأَيْتُ بَيَاضَ إِبْطَيْهِ يَقُولُ " أَلاَ لاَ تَجْنِي أُمٌّ عَلَى وَلَدٍ أَلاَ لاَ تَجْنِي أُمٌّ عَلَى وَلَدٍ " .

বাংলা

২/২৬৭০। তারিক আল-মুহারিবী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে তাঁর হস্তদ্বয় এতো উপরে তুলে বলতে শুনেছি যে, তাঁর বগলের শুভ্রতা আমার দৃষ্টিগোচর হয়েছেঃ সাবধান! সন্তানের অপরাধে মাকে অভিযুক্ত করা যাবে না। সাবধান! সন্তানের অপরাধে মাকে অভিযুক্ত করা যাবে না।

## English

It was narrated that Tariq Al-Muharibi said:
“I saw the Messenger of Allah (ﷺ) raising his hands until I saw the whiteness of his armpits, saying: 'No child should be punished because of his mother's crime, no child should be punished because of his mother's crime.”

ফুটনোট

নাসায়ী ৪৮৩৯, ইরওয়া ৭/৩৩৫।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ইয়াযীদ বিন আবু যিয়াদ সম্পর্কে আহমাদ বিন সালিহ তাকে সিকাহ বললেও ইয়াহইয়া বিন মাঈন ও আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। আবু যুরআহ আর-রাযী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যাবে কিন্তু দলীল হিসেবে গ্রহন করা গ্রহণযোগ্য নয়। আহমাদ বিন হাম্বল বলেন, কোন সমস্যা নেই। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৯৯১, ৩২/১৩৫ নং পৃষ্ঠা) উক্ত

হাদিসটি সহিহ কিন্তু ইয়াযীদ বিন আবু যিয়াদ এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ১২৬ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে ৫ টি জাল, ২১ টি খুবই দুর্বল, ৫৮ টি দুর্বল, ১৬ টি হাসান, ২৬ টি সহিহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৯৩৩, মুসলিম, ৮৯৭, আহমাদ ৮৬১২, ১১৬০৮, ১২৪৯২, ১২৮৪৫, ১৩২৮৮, মু'জামুল আওসাত ৪১৯৪, শারহুস সুন্নাহ ১১৬৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ ত্বারিক ইবনু আবদুল্লাহ আল মুহারিবী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=43286

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন